

ফ্যাকাণ্টি অব আর্টস এন্ড সোশ্যাল সাইন্সেস (এফএএসএস)  
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি)

শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য জরুরী নোটিশ

১। এতদ্বারা অত্র ফ্যাকাণ্টির অধীনে পরিচালিত সকল বিভাগের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র ফ্যাকাণ্টির **মিডটার্ম পরীক্ষা** আগামী ৬ই সেপ্টেম্বর ২০২০ইং হতে ১৪ই সেপ্টেম্বর ২০২০ ইং তারিখে পর্যন্ত অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষার রুটিন আগামী ৩১শে আগস্ট ২০২০ ইং এর মধ্যে নোটিশ হিসেবে প্রেরণ করা হবে। নিম্নে মিডটার্ম পরীক্ষার দিক নির্দেশনা প্রদান করা হলোঃ

ক. মিডটার্ম পরীক্ষাসমূহ Zoom ভিডিও স্ট্রিমিংয়ের এর মাধ্যমে পরিচালিত হবে।

খ. পরীক্ষা চলাকালীন সময়ে শিক্ষার্থীদের Zoom ভিডিও স্ট্রিমিংটি উন্মুক্ত থাকতে হবে যাতে তাদেরকে সহজেই নিরীক্ষকগণ পর্যবেক্ষণ করতে পারেন।

গ. ভবিষ্যতের রেফারেন্সের জন্য সংশ্লিষ্ট শিক্ষকগণকে সকল মিডটার্ম পরীক্ষার ভিডিও রেকর্ড রাখতে অনুরোধ জানানো যাচ্ছে।

ঘ. শিক্ষার্থীদেরকে অবশ্যই পরীক্ষা শুরু হবার নূন্যতম ১০ মিনিট পূর্বে Zoom - এ সংযুক্ত হতে হবে।

ঙ. সংশ্লিষ্ট সকল শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নূন্যতম অবশ্যই ৫ মিনিট পূর্বে WhatsApp/Google Classroom/E-mail অথবা শিক্ষক ও শিক্ষার্থীদের সুবিধাজনক ডিজিটাল মাধ্যমে শিক্ষার্থীদেরকে প্রশ্ন প্রেরণ করতে হবে।

চ. শিক্ষার্থীদের অবশ্যই ২০ পৃষ্ঠার নম্বর সম্বলিত একটি সাদা উত্তরপত্র প্রতিটি পরীক্ষার জন্য প্রস্তুত রাখতে বলা হচ্ছে যা পরীক্ষা শুরু পূর্বে নিরীক্ষকগণকে দেখাতে হবে। উল্লেখ্য যে, ২০ পৃষ্ঠার উত্তরপত্রের প্রতিটি পৃষ্ঠায় শিক্ষার্থীদের ১ হতে ২০ পর্যন্ত নম্বর দিতে বলা হলো।

ছ. মিডটার্ম পরীক্ষার সময়কাল ১.০০-১.৩০ ঘন্টা।

জ. পরীক্ষা শেষ হওয়ার পরে শিক্ষার্থীদের তাদের লিখিত উত্তর স্ক্রিপ্টগুলো মোবাইল/ল্যাপটপের CamScanner/Adobe Scanner এর মাধ্যমে স্ক্যান করে PDF/Image/Word ফাইল হিসেবে সংরক্ষণ করে সংশ্লিষ্ট কোর্স শিক্ষককে WhatsApp/Google Classroom/E-mail এর মাধ্যমে পরীক্ষা শেষ হবার সর্বোচ্চ ৩০ মিনিটের মধ্যে অবশ্যই প্রেরণ করতে হবে।

ঝ. উত্তর স্ক্রিপ্টগুলো সংরক্ষণ করে পাঠানোর সময় সংশ্লিষ্ট PDF/Image/Word ফাইলটি শিক্ষার্থীদের অবশ্যই রোল নম্বর ও নাম অনুসারে সংরক্ষণ করে পাঠাতে হবে অর্থাৎ শিক্ষার্থীদের প্রেরিত ফাইলটির নাম রোল নম্বর ও নাম অনুসারে সংরক্ষিত হতে হবে।

ঞ. ইন্টারনেট সংযোগের অসুবিধার ক্ষেত্রে শিক্ষার্থীদের জরুরী সহায়তা হিসাবে বিকল্প ইন্টারনেট সংযোগ রাখতে পরামর্শ দেয়া যাচ্ছে।

ট. পরীক্ষার সময় যদি শিক্ষার্থীদের Washroom - এ যাওয়ার প্রয়োজন হয় এবং বিদ্যুৎ অথবা ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায় তবে তাৎক্ষণিকভাবে তা অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষক/নিরীক্ষককে অবহিত করতে হবে।